

সাফল্য ও অর্জন

হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয় এর আওতাধীন ৫০টি চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়, ০৮টি ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস এর কার্যালয়, ৫৬টি ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয় কার্যালয় এবং ৪২৮টি উপজেলা একাউন্টস অফিসার এর কার্যালয়কে সম্পূর্ণভাবে iBAS++ পদ্ধতিতে সমন্বিতভাবে ইন্টারনেট ভিত্তিক বাজেটিং ও একাউন্টিং কার্যক্রম এর আওতায় আনা হয়েছে। সিটিজেন চার্টার ও বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অনুযায়ী কর্মকর্তা কর্মচারীদের বেতন বিলসহ অন্যান্য আনুষংগিক বিলসমূহ যথাসময়ে নিষ্পত্তি করা সম্ভব হচ্ছে। বর্তমানে Electronic Fund Transfer (EFT) পদ্ধতিতে সকল পর্যায়ের সরকারী কর্মকর্তাদের বেতন ভাতা পরিশোধ করা হচ্ছে এবং ডিডিও মুডিউলের মাধ্যমে কর্মচারীদের বেতন ভাতা EFT করণের কাজ অনেকদূর অগ্রসর হয়েছে। জাতীয় বেতন স্কেল-২০১৫ এর আওতায় হিসাবরক্ষণ অফিসসমূহ কর্তৃক অদ্যাবধি প্রায় ১১.৫০ লক্ষ সরকারী চাকুরিজীবীর বেতন নির্ধারণ এবং প্রায় ৭ লক্ষ পেনশনভোগীর পেনশন Online এ এন্ট্রি/প্রদান করা সম্ভব হয়েছে। Online বেতন ও পেনশন নির্ধারণ কার্যক্রমের মাধ্যমে উল্লিখিত সংখ্যক সরকারি চাকুরিজীবী ও পেনশনভোগীর পরিপূর্ণ Database প্রস্তুত করা সম্ভব হয়েছে। সিজিএ কার্যালয়ের আওতাধীন পে-পয়েন্টসমূহে বর্তমানে শতভাগ কর্মকর্তার বেতন ভাতা অনলাইনে দাখিল কার্যক্রম চলমান আছে। EFT পদ্ধতিতে পেনশনভোগীদের ব্যাংক একাউন্টে পেনশন পরিশোধের নিমিত্ত 'চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিস, পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট' নিরলস সেবা দিয়ে যাচ্ছে এবং সিজিএ কার্যালয়ের আওতাধীন পে-পয়েন্টসমূহের মাধ্যমে বর্তমানে শতভাগ পেনশনারের পেনশন EFT পদ্ধতিতে পরিশোধ কার্যক্রম প্রক্রিয়াধীন চলমান রয়েছে।

- শতভাগ পেনশন ইএফটির মাধ্যমে সকল বেসামরিক পেনশনারদের (প্রতিরক্ষা ও রেলওয়ে ব্যতিত) পেনশন সরাসরি পেনশনারদের ব্যাংক হিসাবে প্রদান করার প্রক্রিয়া চূড়ান্ত ভাবে সম্পন্ন করা হয়েছে। মাঠ পর্যায়ে হিসাবরক্ষণ অফিস হতে পেনশন গ্রহণকারী পেনশনারদেরকে পর্যায়ক্রমে প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়, পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট হতে ইএফটির মাধ্যমে পেনশন প্রদান করার কার্যক্রম চলমান রয়েছে।
- বর্তমানে সিজিএ কার্যালয়ের আওতাধীন পেনশনার (বেসামরিক ১০০%) ইএএফটির মাধ্যমে পেনশন প্রদান করা হয়ে থাকে।
- সিজিএ কার্যালয়ের আওতাধীন সকল হিসাবরক্ষণ অফিসসমূহে গেজেটেড সরকারি কর্মকর্তা ও নন-গেজেটেড কর্মচারীর মাসিক বেতন ভাতার বিল EFT এর মাধ্যমে পরিশোধ করা হয়েছে।
- সিজিএ কার্যালয়ের নিয়ন্ত্রনাধীন সকল হিসাবরক্ষণ কার্যালয় কর্তৃক সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ, দপ্তর পরিদপ্তরে কর্মরত সকল কর্মকর্তাগণ online এ বেতন ভাতার বিল সাবমিট এবং নন-গেজেটেড কর্মচারীদের বেতন ভাতার বিল ডিডিও মডিউল এর মাধ্যমে সাবমিট করা হলে EFT এর মাধ্যমে

তাদের ব্যাংক হিসাবে পরিশোধ করা হয়। এ প্রক্রিয়ায় ১০.৩৪,০০০ জন কর্মকর্তা/কর্মচারীর বেতন ভাতা EFT কাভারেজ এর আওতায় আনা হয়েছে। বাকীদের এ প্রক্রিয়ায় আনার কার্যক্রম চলমান রয়েছে।

- সকল গেজেটেড, নন-গেজেটেড কর্মকর্তা, কর্মচারীদের GPF এর স্থিতি Approve করার কাজ চলমান রয়েছে। এ কাজ চূড়ান্ত ভাবে সম্পন্ন করা হলে একজন সরকারি কর্মকর্তা তাঁর মাসিক বেতন বিলে জিপিএফ এ কর্তনকৃত মাসিক চাঁদা ও অগ্রিম, পূর্ববর্তী বছরের ব্যালেন্স এবং সুদ প্রদান সম্পর্কিত তথ্যাদি অনলাইনে অবহিত হতে পারবেন এবং জুন মাসের বার্ষিক হিসাব বিবরণী অনলাইন হতে প্রিন্ট গ্রহণ করতে পারবেন। ইতমধ্যে ৮,০৭,০০০ জন কর্মকর্তা/কর্মচারীর জিপিএফ তথ্য অনলাইনে হালনাগাদ করা হয়েছে।
- ই-চালান পোর্টাল এর আওতায় জনসেবা প্রদানের লক্ষ্যে পাসপোর্ট ফি, পুলিশ ক্লিয়ারেন্স ফি ও জাতীয় পরিচয়পত্র ফি অটোমেশনের মাধ্যমে পরিশোধের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং এর সাথে বর্তমানে A-Chalan (Automated chalan) কার্যক্রম শুরু হয়েছে। এ প্রক্রিয়ায় সকল ব্যাংক এর মাধ্যমে সরকারি রাজস্বসহ অন্যান্য জমা গ্রহন করা হচ্ছে।